বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং: বিবিধ/কলেজ/২০২০/৩১২

তারিখ : ২২/০২/২০২২

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে **online** এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সূচি।

শিক্ষার্থী,অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে পুনরায় (সর্বশেষ) ৪র্থ ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট:**(http://www.xiclassadmission.gov.bd)** তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ১০(দশ) টি কলেজে আবেদন করতে হবে।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে **online** এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:

১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কলেজ সিলেকশন পায়নি;

২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে কলেজে ২৪/০২/২০২২ তারিখের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনি;

৩। উল্লেখ্য বিশ্ববিদ্যালয়ের ২০২১ সালের এসএসসি সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা:

২০২১-২০২২ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে **online** এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত সময় সূচি অনুসরণ করতে হবে:

ক্রমিক	বিষয়	তারিখ
১	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ	২৬/০২/২০২২ (শনিবার) থেকে ২৭/০২/২০২২ (রবিবার রাত ৮ঃ০০ টা পর্যন্ত)
২	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের যাচাই বাছাই	২৮/০২/২০২২ (সোমবার)
৩	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	০১/০৩/২০২২ (মঙ্গলবার রাত ৮ঃ০০ টায়)
৪	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন ও কলেজে ভর্তি	০২/০৩/২০২২ (বুধবার) থেকে ০৩/০৩/২০২২ (বৃহস্পতিবার বিকাল ৫ঃ০০ পর্যন্ত)

বিঃদ্রঃ উল্লেখ্য, "২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২১" অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।

22/02/2022

প্রফেসর তপন কুমার সরকার
অধ্যক্ষের কার্যালয়
আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৩/০২/২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ৪র্থ ধাপে (সর্বশেষ) Online এর মাধ্যমে আবেদন গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে কলেজের বিদ্যমান আসনের বিপরীতে খালি আসন সাপেক্ষে বর্ণিত শর্তাবলী ও সময়সূচি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

26/02/2022

বিতরণঃ

১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
৩। আহ্বায়ক, একাদশ শ্রেণি ভর্তি কমিটি/২০২১-২২, অত্র কলেজ, রাঙ্গামাটি;
৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
৬। সংরক্ষণ নথি